

Mission Sagar: India's helping hand across the Indian Ocean

May 10, 2020

মিশন সাগর: ভারত মহাসাগরে ভারতের সহায়তা

মে 10, 2020

Covid-19 অতিমারিকে সামলাবার সহযোগিতার অনুরোধে ভারত সরকার মালদ্বীপ, মরিশাস, মাদাগাস্কার, কোমোরোস এবং সেশেলসে নৌবাহিনীর জাহাজ কেশরী তে করে দুটি চিকিৎসা সহায়ক দল , কোভিড সংক্রান্ত অত্যাবশ্যক ওষুধ এবং অত্যাবশ্যক খাদ্য সামগ্রী প্রেরণ করেছে।

চিকিৎসা সহায়ক দলগুলিকে মরিশাস এবং কোমোরোসে প্রেরণ করা হবে কোভিড আপৎকালীন অবস্থা এবং ডেঙ্গু জ্বর(কোমোরোসের ক্ষেত্রে)-কে সামলাবার কাজে সরকারকে সাহায্য করার জন্য।

জাহাজে প্রেরিত কোভিড সম্পর্কিত অত্যাবশ্যক ওষুধ সামগ্রী মরিশাস, মাদাগাস্কার, কোমোরোস এবং সেশেলসে দেওয়া হবে এবং প্রায় 600 টন খাদ্য সামগ্রী মালদ্বীপে দেওয়া হবে। মরিশাসের ক্ষেত্রে, এর অতিরিক্ত আয়ুর্বেদিক ওষুধ সামগ্রীর একটি বিশেষ চালানও প্রেরণ করা হয়েছে।

মাদাগাস্কার এবং কোমোরোসের জন্য নির্দিষ্ট সামগ্রীর মধ্যে হাইড্রোক্সিক্লোরোকুইন ট্যাবলেটও রয়েছে, যা ইতিমধ্যে এর আগেই মরিশাস, মালদ্বীপ এবং সেশেলসে পাঠানো হয়েছে।

এই অঞ্চলে প্রথম প্রতিক্রিয়াকারী হিসেবে সময়-পরীক্ষিত ভূমিকা পালনের সাথে তাল রেখে, ভারত ইতিমধ্যেই মালদ্বীপ, শ্রীলংকা, মরিশাস এবং সেশেলসের সরকারের প্রচেষ্টাতে Covid-19 সংক্রান্ত অত্যাবশ্যক সামগ্রী প্রদান করে সাহায্য করেছে। এই সংকটের সাথে লড়াই করার জন্য মালদ্বীপ সরকারের প্রস্তুতিকে বাড়িয়ে তুলতে নির্বাচিত চিকিৎসা কর্মীদের একটি দলকেও মালদ্বীপে প্রেরণ করা হয়েছিল।

‘মিশন সাগর’, প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গী ‘সাগর’ - অঞ্চলের সবার জন্য সুরক্ষা ও বৃদ্ধি, দ্বারা অনুপ্রাণিত।

নিউ দিল্লি

মে 10, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.